

া উসূলে ফিক্কহ (ফিক্কহের মূলনীতি)

বিভাগ/অধ্যায়ঃ ইলম (العلم)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

ইলম এর প্রকারভেদ

ইলম দু'প্রকার। যথা:

। العلم الضروري – বাধ্যগত ইলম – العلم النظري – চিন্তা-গবেষণা নির্ভর ইলম

১. العلم الضروري _ বাধ্যগত ইলম: যেখানে জ্ঞাত বিষয়ের 'জানা' বাধ্যগত হয়।[1] এটি এমন ভাবে হয় যে, দলীল, চিন্তা-গবেষণা ছাড়াই যা মানুষ জানতে বাধ্য হয়। যেমন: কোন কিছুর পূর্ণতা আংশিক অপেক্ষা বৃহত্তর, আগুন গরম, মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রসূল প্রভৃতি জানা।[2]

২. العلم النظري _ চিন্তা-গবেষণা নির্ভর ইলম: যে ইলম অর্জনে দলীল-প্রমাণ ও চিন্তা-গবেষণার প্রয়োজন হয়, তাকে العلم النظري বা চিন্তা-গবেষণা মূলক ইলম বলে। যেমন: এটা জানা যে, ছ্বালাতের ক্ষেত্রে নিয়ত ফরজ।

ফুটনোট

- [1]. অর্থাৎ যা মানুষ বাধ্যগতভাবে জানে।
- [2]. এ ধরণের ইলম জ্ঞানী, সাধারণ মানুষ সবাই জানতে পারে। এ ধরণের ইলম কেউ অস্বীকার করলে সে কাফির হয়ে যাবে। যেমন: আল্লাহর একত্ববাদ, ছ্বালাতের ফরজিয়্যাত, সুদ, মদ, যেনা প্রভৃতি হারাম হওয়া ইত্যাদি।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9436

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন